বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন
ব্লক- ই, লেভেল-১ (২য় তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২১৫।

মোবাইল : ০২২২২২৩০০৫৬
ইমেইল : landrev@yahoo.com
ফ্যাক্স :

স্মারক নং-বাপাউবো (ভূ ও রা)/বি-৩/শা-৩/এল-৪৬/২০২২/৪২০ তারিখ : ২৪/১০/২০২২ খ্রিঃ।

বিষয় : বাপাউবোর্ডের ভূ-সম্পত্তি বিষয়ে সিনিয়র সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে ১৩-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে।

সূত্র ১ : পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০৩১.৯৯.০০৪.২১-২৫৪ তারিখঃ ১৮/১০/২০২১ খ্রিঃ

সূত্র ২ : অত্র দপ্তরের স্মারক নং- বাপাউবো (রাজস্ব)/বি-৩/শা-৩/বি-২৮/২০২১/২৭ তারিখঃ ২৩/০১/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ১৩/০৯/২০২১ তারিখের সভায় বাপাউবো'র মালিকানাধীন জমি ডিমারকেশন, স্থায়ী পিলার ও নামফলক স্থাপন, রেকর্ড সংশোধন, অবৈধ দখলদারদের উচ্ছেদকরণ, স্থির ও ভিডিও চিত্র গ্রহণ, বাপাউবো'র স্থাবর সম্পত্তি নির্দেশিকা-২০১৭ অনুযায়ী জমি ইজারা প্রদান ও ইজারার বকেয়া আদায়সহ বাপাউবো'র প্রত্যেক বিভাগে ১টি করে "Digital Storage of BWDB Acquired Land Record Center" নামে প্রকল্প প্রণয়নের জন্য সূত্র-১ মোতাবেক ১২দফা নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সূত্র-২ মোতাবেক সভার কার্য-বিবরণীসহ সকল নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি এতদবিষয়ে কোন দপ্তর হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। ফলশ্রুতিতে ২০/১০/২০২২ তারিখে এতদসংক্রান্ত বিষয়ে পানি মন্ত্রণালয়ের ফলোআপ সভায় তীব্র অসন্তোষ প্রকাশ করতঃ কোন প্রকার ব্যত্যয় ব্যতিরেকে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে ১৩-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে আপনার জোনের আওতাধীন বিভাগ সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সমন্বিত আকারে সংযুক্ত 'ছক' মোতাবেক (এক্সেল সীটে) অত্র দপ্তরের ই-মেইলে (landrev@yahoo.com) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সূত্র-১ এ বর্ণিত কার্য-বিবরণীর কপি অত্রসাথ পুনরায় প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**বিষয়টি অতীব জরুরী।**
সংযোজন-বর্ননামতে।

২৪/১০/২০২২
(মোঃ রেজাউল করিম)
পরিচালক
পরিচিতি নং-৬৭০৩০১০০৪

বিতরন (সদয় কার্যার্থে)-
অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
কেন্দ্রীয়-অঞ্চল/পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/কুমিল্লা/ চট্টগ্রাম/রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/খুলনা/বরিশাল/ সিলেট এবং নির্মাণ ও যন্ত্রায়ন/ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, তেজগাঁও,ঢাকা/নারায়নগঞ্জ/ খুলনা।

স্মারক নং-বাপাউবো (ভূ ও রা)/বি-৩/শা-৩/এল-৪৬/২০২২/৪২০/১(১০) তারিখ : ২৪/১০/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টমতে প্রেরণ করা হলো ঃ-

১) সচিব, বাপাউবো, ঢাকা।
২) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর/পানি উন্নয়ন সার্কেল (সকল), বাপাউবো।
৪) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা ।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬) নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।
৭) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯) অফিস কপি।

24/10/2022
(মোঃ আবদুর রশিদ মোল্লাহ্)
উপ-পরিচালক(অঃ দাঃ)
পরিচিতি নং-৬৬০১১৫০০৩

C:\Users\MD. REZAUL KARIM\OneDrive\Desktop\Digital.doc

পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৩.০৯.২০২১ তারিখ বাপাউবোর সম্পত্তি বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি 'ছক' (ভূমি ও রাজস্ব পরিদপ্তর সংশ্লিষ্ট অংশ)।

জোনের নাম ঃ

সার্কেলের নাম ঃ

জমির পরিমাণঃ একরে, অর্থের পরিমাণ লক্ষ টাকায়

| পানি উন্নয়ন/পওর বিভাগের নাম | অধিগ্রহণকৃত/ মালিকানাধীন জমির পরিমাণ | হাল রেকর্ডের বিবরণ | | | ব্যবহৃত জমির পরিমাণ | সাময়িক অব্যবহৃত জমির পরিমাণ | ইজারাকৃত জমির পরিমাণ | রাজস্ব আদায়ের বিবরণ | | | অবৈধ দখলদার উচ্ছেদের বিবরণ (৬৪ জেলা খাল খনন প্রকল্প ব্যতিত) | | | | BWDB লেখা পিলার স্থাপন (With Video). | | ডিজিটাল ষ্টোরেজ প্রকল্প প্রণয়ণ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ | ভূমি সংক্রান্ত বিচারাধীন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হাল রেকর্ড কৃত জমির পরিমাণ | হাল রেকর্ড না হওয়া জমির পরিমাণ | হাল রেকর্ড সংশোধনকৃত জমির পরিমাণ | | | | বকেয়া | হাল | মোট | মোট সংখ্যা | জমির পরিমাণ | উচ্ছেদকৃত সংখ্যা | জমির পরিমাণ | মোট স্থাপন যোগ্য পিলারের সংখ্যা | স্থাপিত পিলারের সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |

৮
১৬৬
২১/১০/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.০০৪.২১.২৫৪ তারিখ: ২ কার্তিক ১৪২৮
১৮ অক্টোবর ২০২১

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তি বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তি বিষয়ে গত ১৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কবির বিন আনোয়ার এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮-১০-২০২১
মিতু মরিয়ম
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) জেলা প্রশাসক (সকল)
৫) প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭) সহকারী কমিশনার ভূমি (সকল)
৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (এম,ই), বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৯) সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী, বাপাউবো।
১০) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি

উন্নয়ন বোর্ড
১২) নির্বাহী প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), ভূমি পুনরুদ্ধার এবং উন্নয়ন , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) উপ-পরিচালক (আবাসন), সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) উপ-পরিচালক, আবাসন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৬) উপ-পরিচালক (যানবাহন), সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৭) উপ-পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৮) উপ সহকারী প্রকৌশলী , সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.০০৪.২১.২৫৪/১(৬)

তারিখ: ২ কার্তিক ১৪২৮
১৮ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮-১০-২০২১
মিতু মরিয়ম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৩/০৯/২০২১ তারিখ সোমবার বেলা ১২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব কবির বিন আনোয়ার, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
সভার তারিখ: ১৩/০৯/২০২১, সময়: ১২.৩০ ঘটিকা।
সভার স্থান: সিনিয়র সচিব মহোদয়ের সভাকক্ষ, ৬ষ্ঠ তলা, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা।
সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক।

সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় প্রথমে সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের কার্যাবলী সম্পর্কে অবহিত করার জন্য অনুরাধ করলে সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের পরিচালক মো: আনোয়ারুল কামাল সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের কার্যক্রম এবং ঢাকা সিটির আওতাভুক্ত জমির অবৈধ দখলের বিবরণী তুলে ধরেন। এ পর্যায়ে মো: রেজাউল করিম, পরিচালক (অ:দা:) বোর্ডের ৯টি জোনের বাপাউবোর মালিকানাধীন ২১৯৩৫৩.২৩ একর জমির মধ্যে অফিস ও কলোনীর কাজে ব্যবহৃত জমি এবং মাঠ পর্যায়ে বাঁধ-খাল,স্ট্রাকচার ও বরোপিট এর জমির হিসাব মৌজা দাগ খতিয়ান অনুসারে রেকর্ডকৃত জমি, সাময়িক অব্যবহৃত জমি বিকল্প কাজে ব্যবহৃত জমির মধ্যে লিজ, বকেয়া রাজস্ব নবায়ন, উচ্ছেদ ও উচ্ছেদ পরবর্তী স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপনসহ সার্বিক রক্ষণাবেক্ষণ, স্থিরচিত্র ও ভিডিও প্রদর্শন ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোকপাত করেন। উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনায় ভূমির বিকল্প ব্যবহার ও সংরক্ষণ বিষয় উপস্থিত সকল সদস্য সহমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | বাপাউবোর ভূ-সম্পত্তির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ | (ক) বাপাউবোর বিভিন্ন পওর বিভাগের আওতাধীন ও পানি উন্নয়ন বিভাগের অধিগ্রহণকৃত জমির অনুকূলে ২১৯৩৫৩.২৩ একর জমির মধ্যে দখলে থাকা ২১৪২২৩.৯১ একর জমির এল.এ কেইস ও দাগ ওয়ারী অধিগ্রহণকৃত জমি সংরক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাপাউবোর সকল জোনের অনুকূলে অধিগ্রহণকৃত ২১৯৩৫৩.২৩ একর জমির মধ্যে দখলকৃত, রেকর্ডকৃত জমি, ব্যবহৃত জমি, সাময়িক অব্যবহৃত জমি ও ইজারাকৃত ইত্যাদি জমির এল.এ প্লান অনুসারে চিহ্নিতকরণ পূর্বক উহাতে পাউবোর পিলার স্থাপন করা এবং উক্ত কাজের জন্য রেকর্ডপত্র সংগ্রহ ও পিলার নির্মাণের জন্য প্রয়োজনীয় খাতে রাজস্ব বাজেট বরাদ্দ রাখতে হবে। | সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/ পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ। |
| | | খ) বাপাউবোর দখলে না থাকা ৫১২৯.৩২ একর জমি উদ্ধারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ▫ ঢাকা সহ সকল জোনের অনুকূলে ৫১২৯.৩২ একর জমি উদ্ধারের জন্য প্রতিটি বিভাগের আওতাধীন জেলা ও মৌজা ওয়ারী এবং এল.এ কেইস অনুসারে এল.এ প্লান মোতাবেক জমি AC (land), Surveyor/Xen, Sde, So/Ad(L&R) সহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে যৌথভাবে এল এ প্লান আনুযায়ী বাপাউবোর জমির ডিমার্কেশন এবং উক্ত জমিতে এল এ নকশা অনুযায়ী স্থায়ী পিলার | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ সংশ্লিষ্ট এসি (ল্যান্ড)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | স্থাপন করতে হবে। এসব কর্মকান্ডের ছবি ও ভিডিও রাখতে হবে।<br>▫ উল্লিখিত কাজের জন্য প্রয়োজনের ভিত্তিতে বাজেটের সংস্থান রাখতে হবে। | |
| | | (গ) এল.এ কেইস ওয়ারী অধিগ্রহণকৃত জমির ১১৭৩.৮৬ একর জমির অফিস, কলোনী ও ফিল্ড পর্যায়ে জমির পরিমাণ চিহ্নিতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ▫ এল.এ কেইস ওয়ারী অধিগ্রহণকৃত জমির ১১৭৩.৮৬ একর জমি প্রথমত দুই ভাগে ভাগ করতে হবে: (ক) অফিস ও কলোনীর জমি (খ) ফিল্ড পর্যায়ের (বাঁধ, খাল, ডাইক স্ট্রাকচার ও বরোপিট ইত্যাদির) জন্য জমি।<br>▫ পরবর্তীতে এল.এ প্ল্যান অনুসারে এসকল জমি চিহ্নিতকরণ পূর্বক স্থায়ী পাউবো পিলার স্থাপন ও আলাদা-আলাদা রং দ্বারা চিহ্নিত করতে হবে, যা ছবি ও ভিডিও তে ধারণ করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ২ | জমির বিকল্প ব্যবহার | (ক) বাপাউবোর অনুকূলে বিকল্প ব্যবহারযোগ্য জমি (বরোপিট জলাশয়, ডোবা, গর্ত ও পতিত জমি) ২৮৪৮০.৩০ একর জমি যাহা আবাসিক ও বাণিজ্যিক কাজে সংযোগ রাস্তা, সিএনজি পাম্প ও এলপিজি গ্যাসের সংযোগ রাস্তা, গবাদি পশু, হাস-মুরগি পালন, মৎস্য চাষ, নার্সারি, গাড়ি পার্কিং, ইট ও বালু স্তুপ ও বিনোদন, ভ্রাম্যমান রেস্টুরেন্ট ও বসতি ইত্যাদি কাজে সাময়িকভাবে ইজারা প্রদান করা হয়ে থাকে এরূপ জমির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাপাউবো'র বিকল্প ব্যবহারযোগ্য (বাঁধ/খালের পাশে বরোপিট, জলাশয়, ডোবা, গর্ত ও পতিত) ২৮৪৮০.৩০ একর জমি ইজারা প্রদানের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত "স্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা নির্দেশিকা ২০১৭" মাধ্যমে ইজারা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা নির্দেশিকা বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ /এডি (ল্যান্ড ও রেভিনিউ)। |
| | | (খ) বাপাউবো ডাইক/বেড়ীবাঁধের পাশে/ ঢালে অবৈধভাবে গড়ে ওঠা বাজার/দোকান/বসতি উচ্ছেদ/রাজস্ব আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ বাঁধ (আব্দুল্লাহপুর হতে গাবতলী/মিটফোর্ড পর্যন্ত), ডিএনডি বাঁধসহ সকল বিভাগ/জেলার আওতায় পোল্ডার, বেড়ীবাঁধ, ডাইক, স্ট্রাকচার ইত্যাদির বরোপিট/সাময়িক অব্যবহৃত জায়গায় বিকল্প কাজে ব্যবহৃত ইজারা প্রদান, ইজারা নবায়ন ও চুক্তিনামা যৌথভাবে বাপাউবোর মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও AC (Land), Surveyor সহ পরীক্ষা-নিরীক্ষা পূর্বক চুক্তিনামা বৈধতা নিরীক্ষান্তে দখলের সময় হতে রাজস্ব আদায় করতে হবে। চুক্তির শর্ত ভঙ্গ করলে দখলদার উচ্ছেদ করতে হবে।<br>(২) বাপাউবো হতে কোন জমি কোন সময় ইজারা/চুক্তিনামা নিয়ে দীর্ঘদিন ধরে ভোগ করে আসছে এবং বর্তমানেও দখলে আছে। স্থানীয়ভাবে পাউবোর ঢালে/পতিত জায়গায় স্থানীয়ভাবে গড়ে ওঠা বাজার/দোকান/বসতি ইত্যাদি অবৈধভাবে জবরদখল করে ভোগদখল করে আসছে যাদের উচ্ছেদ করা স্থানীয় | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ ও সংশ্লিষ্ট এসি (ল্যান্ড) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সমস্যা-এ ধরনের জায়গার বাজার/দোকান/বসতির বিষয়ে বাপাউবোর মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট AC (Land), Surveyor সহ পেরিফেরি নকশা তৈরীসহ দখলের সময় হতে দখলদারের নিকট হতে ব্যবহারিক মূল্য/বকেয়া সার্ভিস চার্জ/রাজস্ব আদায় অথবা উচ্ছেদ করা এবং উচ্ছেদকৃত জায়গা একসনা ভিত্তিতে ইজারা প্রদান করতে হবে।<br>(৩) ১ ও ২ এর অনুকূলে উচ্ছেদ/ রাজস্ব আদায়সহ মাসিক প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| ৩ | ইজারা সংক্রান্ত | (ক) ইজারা নবায়নকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক ইজারা নবায়ন ও রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ। |
| | | (খ) ইজারা/ভাড়ার হার নির্ধারণ বিষয়ে আলোচনা হয়। | স্থানীয় সকল জেলার দরের সাথে সামঞ্জস্য রেখে বাপাউবো এর ইজারার হার প্রস্তাব করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ। |
| ৪ | জমির অবৈধ দখল উচ্ছেদ, রেকর্ড সংশোধন ও ভূসম্পত্তি সংরক্ষণ | (ক) অবৈধ জবরদখল নিয়ন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। বাপাউবোর যেসকল জমি প্রারম্ভিক পর্যায়ে জবরদখল অবস্থায় থাকে তৎক্ষণাৎ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জবরদখলের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মোকদ্দমা করার প্রয়োজন হয়। বাপাউবোর ২০০০ সালে ২৬ নং আইনের ৩(২) ধারায় বোর্ড ক্ষমতাবান থাকায় দখলদারের বিরুদ্ধে মামলা করার জন্য অনুমতি পেতে দীর্ঘ সময়ক্ষেপণ হওয়ায় মামলা করা সম্ভব হয় না। ফলে দিনদিন জবরদখলের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। মাঠপর্যায়ের নির্বাহী প্রকৌশলী/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে মামলা করার ক্ষমতা প্রদান করা হলে জবরদখল নিয়ন্ত্রনে আসবে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ। |
| | | খ) ভূমির রেকর্ড সংশোধন বিষয়ে আলোচনা হয়। | বাপাউবোর যে সকল জমির রেকর্ড হয় নি উক্ত জমির রেকর্ড সৃজনের জন ভূমি মন্ত্রণালয় অধিশাখা-১ এর ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখের গেজেটে প্রকাশিত 'পরিপত্র' এর (SAT Act-1950) ধারা ১৪৩ ও ১৪৪ সহ সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক ক্ষেত্রমতে বোনাফাইড মিসটেক পদ্ধতির মাধ্যমে রেকর্ড সংশোধনের প্রস্তাব দ্রুত জেলা প্রশাসক/সহকারী কমিশনার (ভূমি) নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ/জেলা প্রশাসক। |
| | | গ) ভূ-সম্পত্তি সংরক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাপাউবো মালিকানাধীন সকল জমির রেকর্ডপত্র যেমনঃ (অধিগ্রহণকৃত জমির এল,এ নকশা, দখলনামা, দাগসূচী, গেজেট, হস্তান্তর দলিল, সৃজিত খতিয়ান, সেটেলমেন্ট গেজেট নকশা ও খতিয়ান) ডিজিটাল সংরক্ষণ ও সুষ্ঠ ব্যবস্থাপনার নিমিত্ত প্রত্যেক বিভাগ ও সার্কেলে ১টি করে Digital Storage, BWDB Acquried Land Record Centre স্থাপন করতে হবে এবং এ বিষয়ে একটি প্রকল্প প্রণয়নের বিষয়ে সবাই একমত পোষণ করেন। | প্রত্যেক বিভাগ ও সার্কেলে ১টি করে Digital Storage, BWDB Acquried Land Record Centre স্থাপন করতে হবে এবং এ বিষয়ে একটি প্রকল্প প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলীগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | পরিবাগস্থ রমনা মৌজায় অফিসার্স কোয়ার্টার্সের হিস্যা বন্টণ | পরিবাগস্থ রমনা মৌজায় অফিসার্স কোয়ার্টার্সের হিস্যা বন্টণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ পানি ও বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনুকূলে আর,এস খতিয়ানে যৌথভাবে ৯.০২০৮ একর জমির মধ্যে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনুকূলে সিটি জরিপে এককভাবে ৮.৫১৩২৮ একর জমির রেকর্ড সৃষ্টি হওয়ায় উক্ত জমি বাদে শুধুমাত্র পরিবাগস্থ বাপাউবো ও বাবিউবো অফিসার্স কোয়াটারে ২টি খতিয়ানে দুইটি দাগে ১.৯৪৪৮ একর জমি পানি উন্নয়ন বোর্ড ও বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মধ্যে মতিঝিল ওয়াপদা ভবনের ন্যায় ৫৭% ও ৪৩% অংশে বন্টণ অথবা সমভাবে বন্টণ করার প্রক্রিয়া শুরু করতে হবে। | পরিচালক (সওয়া)/নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২/ বিদ্যুৎ ও পানি উন্নয়ন বোর্ড। |
| ৬ | স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপন, জমি ব্যবস্থাপনা ও রেকর্ড সংশোধন | ক) গ্রীণ রোডস্থ পানি ভবন ও মতিঝিলস্থ ওয়াপদা ভবনের জমির রেকর্ড সংশোধন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | দ্রুত সময়ের মধ্যে গ্রীণ রোডস্থ পানি ভবনের ৯.৪৬ একর ও মতিঝিলস্থ ওয়াপদা ভবনের ২.৬১ একর জমির রেকর্ড সংশোধনের কাজ সম্পন্ন করতে হবে। উক্ত জমির হাল রেকর্ড সংশোধনের লক্ষ্যে পরিমাপের স্থির ও ভিডিও চিত্র ধারণ করতে হবে। | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২ যৌথ সমন্বয়ে। |
| | | খ) পূর্বাচলে বালু নদীর পারে, বাপাউবোর ইন্টার ন্যাশনাল ট্রেনিং ইনস্টিটিউটের জন্য নির্ধারিত স্থানের জমিতে স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপন বিষয়ে আলোচনা হয়। | দ্রুত সময়ের মধ্যে পূর্বাচলস্থ, বালুনদীর পারে, বাপাউবোর ইন্টারন্যাশনাল ট্রেনিং ইনস্টিটিউটের জন্য নির্ধারিত ৩৩.০০ একর জমিতে BWDB লেখা স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপন করতে হবে এবং উক্ত কাজের স্থির ও ভিডিও চিত্র ধারণ করতে হবে। | ঢাকা পওর বিভাগ-২। |
| | | গ) গোড়ান চটবাড়ী পাম্প স্টেশন ও পন্ডিং এরিয়ার জমিতে স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপন, রেকর্ড সংশোধন বিষয়ে আলোচনা হয়। | দ্রুত সময়ের মধ্যে গোড়ান চটবাড়ী পাম্প স্টেশন ও পন্ডিং এরিয়ার ৬৩০.৮৭ একর জমিতে BWDB লেখা স্থায়ী ডিমারকেশন পিলার স্থাপন, উক্ত জমির হাল রেকর্ড সংশোধন, স্থির ও ভিডিও চিত্র গ্রহণ করতে হবে। | পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২ |
| | | ঘ) বাপাউবোর যান্ত্রিক ও সরঞ্জাম পরিদপ্তর (এম,ই), তেজগাও এর জমির ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাপাউবোর যান্ত্রিক ও সরঞ্জাম পরিদপ্তর (এম,ই), তেজগাও ওয়ার্কসপ এর রেকর্ডপত্র আপডেট করে সংরক্ষণ করতে হবে এবং উক্ত জমিতে নতুন ওয়ার্কসপ ও বহুতল আবাসিক ভবন নির্মাণের পরিকল্পনা নিতে হবে। | প্রধান প্রকৌশলী (এম,ই)<br>পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর। |
| | | ঙ) বাপাউবোর যান্ত্রিক ও সরঞ্জাম পরিদপ্তর (এম,ই) টঙ্গীর রেকর্ডপত্র সংগ্রহ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বাপাউবোর যান্ত্রিক ও সরঞ্জাম পরিদপ্তর (এম,ই) টঙ্গীর রেকর্ডপত্র সংগ্রহ পূর্বক জমির ডিমারকেশন মাধ্যমে জমি পরিমাণ আলাদা আলাদাভাবে উপস্থাপন করতে হবে। জমির ডিমারকেশন ও স্থাপনার স্থির ও ভিডিও চিত্র ধারণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, যান্ত্রিক ও সরঞ্জাম পরিদপ্তর<br>পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর। |
| ৭ | BWDB লেখা পিলার স্থাপন | বাপাউবোর প্রতিটি বিভাগের আওতাধীন বাপাউবোর মালিকানাধীন জমিতে BWDB লেখা পিলার স্থাপন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত কাজে প্রয়োজনে সহকারী কমিশনার ভূমি, ভূমি অধিগ্রহণ কর্মকর্তার দপ্তরের সার্ভেয়ার ও কানুনগোদের সহায়তা নিয়ে কাজটি সম্পন্ন করতে হবে এবং এতদবিষয়ে বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে এবং উক্ত কাজের স্থির ও ভিডিও চিত্র ধারণ করতে হবে। | বাপাউবোর মালিকানাধীন সকল বিভাগের বাঁধ, খাল, রেগুলেটরসহ অন্যান্য সকল স্থাপনার সীমানা চিহ্নিত করে BWDB লেখা স্থায়ী পিলার স্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ/এসি (ল্যান্ড) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | উচ্ছেদ কার্যক্রম | বাপাউবোর জমিতে থাকা অবৈধ দখলদারদের উচ্ছেদকরণের বিষয়ে আলোচনা হয়। বাপাউবোর জমিতে থাকা অবৈধ দখলদারদের হাল নাগাদ তালিকা প্রণয়ন করে সরকারি কাজের প্রয়োজনে নির্ধারিত সময়ে নোটিশ প্রদানক্রমে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করেতে হবে। তবে কোন স্থানে ভূমিহীনগণ অবৈধ দখলদার হলে তাদের উচ্ছেদের পূর্বে জেলা পানি ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আলোচনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ৯ | জমির মামলা সংক্রান্ত | গ্রীন স্কয়ার, ধানমন্ডিস্থ বাপাউবোর রেস্ট হাউজের জমির মামলা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাপাউবোর ধানমন্ডি মৌজায় রেস্ট হাউজের কাজে ব্যবহৃত ২০ (বিশ) শতাংশ জমির উপর দেওয়ানী ৬৬/৯১ নং মোকদ্দমা (মোঃ শফিউল্লা বনাম সচিব গণপূর্ত) এর একতরফা রায়ের বিরুদ্ধে বাপাউবোর মালিকানার তথ্যের মাধ্যমে উক্ত মোকদ্দমায় গণ পূর্ত বিভাগের সাথে পক্ষভুক্ত হয়ে আপিল মোকদ্দমা দায়ের করতে হবে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, যৌথ সমন্বয়ে। |
| ১০ | বাপাউবোর মতিঝিলস্থ ওয়াপদা ভবনের নীচ তলার ভাড়া আদায় সংক্রান্ত | (ক) বাপাউবোর মতিঝিলস্থ ওয়াপদা ভবনের নিচ তলায় ১২টি শোরুম ভাড়া প্রদান করা হয়। উক্ত ১২টি শোরুমের মধ্যে ৪টি (শোরুম নং ৬ ও শোরুম নং ৭ সোনালী ব্যাংক লিঃ কে এবং শোরুম নং ১০ ও ১১ জনতা ব্যাংক লিঃ কে) ভাড়া দেয়া হয়। উক্ত প্রতিষ্ঠান ২টি চুক্তি মোতাবেক বাপাউবোকে ভাড়া প্রদান করে যাচ্ছে। | ওয়াপদা ভবনের নীচ তলার শো-রুম/প্রতিষ্ঠানের নিকট ভাড়া নবায়নের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরদিপ্তর। |
| | | (খ) অবশিষ্ট ৮ (আট) টির মধ্যে ৪ (চার) টি শো-রুম নং-১, ৮, ৯ ও ১২ (শো-রুম নং-১ঃ মেসার্স আহমেদ কর্পোরেশন, শো-রুম নং-৮ঃ মেস্যার্স আহমেদ ব্রাদার্স, শো-রুম নং-৯ঃ দি বাংলাদেশ ট্রেডার্স (বিএম) লিঃ ও শো-রুম নং-১২ঃ ইএল আমিন এজেন্সী) এর ইজারার চুক্তিনামার মেয়াদ শেষ হওয়া ও মামলায় পাউবোর পক্ষে রায় হওয়ায় এই চারটি শো-রুমকে ০৯-০৫-২০২১ খ্রিঃ উচ্ছেদ করা হয়েছে ও চারটির বিরুদ্ধে মামলা চলমান রয়েছে। উক্ত চারটি শো-রুমের বকেয়া ভাড়া বাবদ ৬৬,২৮,১২০/- (ছেষট্টি লক্ষ আটাশ হাজার একশত বিশ টাকা) রাজস্ব পাওনা রয়েছে। উক্ত বকেয়া ভাড়া আদায়ের জন্য মানিস্যুট মামলা দায়ের করা প্রক্রিয়াধীন রয়েছে। | উচ্ছেদকৃত শো-রুম ভাড়া নতুনভাবে ভাড়া প্রদান ও বকেয়া ৬৬,২৮,১২০/- ((ছেষট্টি লক্ষ আটাশ হাজার একশত বিশ টাকা) রাজস্ব আদায়ের জন্য মানিস্যুট মামলা দায়ের করতে হবে। | পরিচালক (সওয়া)/ উপ-পরিচালক (আইন বিষয়ক) |
| | | গ) শোরুম নং ২ ও ৩ এর ভাড়াটিয়া মেসার্স এল মেকানো (প্রাঃ) লিঃ বাপাউবো কর্তৃক ভাড়া বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে ভাড়াটিয়া কর্তৃক বোর্ডের বিরুদ্ধে মামলা করায় কোর্টে মামলা চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানের নিকট মে/২০২১ পর্যন্ত বাপাউবোর বকেয়া ভাড়া পাওনা ১,৪৭,৮০,৩৮৫/- (এক কোটি সাতচল্লিশ লক্ষ আশি হাজার তিনশত পচাশি টাকা)। অবশিষ্ট ৫টি প্রতিষ্ঠানের মধ্যে শোরুম | ১৯৭৯ খ্রিঃ হতে সৃজিত মামলাসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আদালত হতে ১৫৬,২১৫,০৩৫/- (পনেরো কোটি বাষট্টি লক্ষ পনেরো হাজার পয়ত্রিশ টাকা) আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সওয়া)/ উপ-পরিচালক (আইন বিষয়ক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নং ৪ মেসার্স গ্লোব ট্রাবেলস সার্ভিসেস (বাংলাদেশ লিঃ) বাপাউবো কর্তৃক ভাড়া বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে ভাড়াটিয়া কর্তৃক বোর্ডের বিরুদ্ধে মামলা করায় কোর্টে মামলা চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানের নিকট মে/২০২১ পর্যন্ত বাপাউবোর বকেয়া ভাড়া পাওনা ৪৩,১৩,১৩০/- (তেতাল্লিশ লক্ষ তের হাজার একশত ত্রিশ টাকা) ।শোরুম নং ০৫ এর ভাড়াটিয়া মেসার্স যমুনা ইলেকট্রিক ম্যানুঃ লিঃ এর সহিত মামলা চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানের নিকট মে/২০২১ পর্যন্ত বাপাউবোর বকেয়া ভাড়া পাওনা ৭১,২১,৫২০/- (একাত্তর লক্ষ একুশ হাজার পাঁচশত বিশ টাকা)। উল্লিখিত শো-রুমের নিকট মোট বকেয়া ভাড়ার পরিমাণ ১৫৬,২১৫,০৩৫/- (পনেরো কোটি বাষট্টি লক্ষ পনেরো হাজার পয়ত্রিশ টাকা)। তন্মধ্যে ভাড়াটিয়া মেসার্স যমুনা ম্যানুঃ লিঃ এর মামলা ০২/১৯৯৩ জমাকৃত ভাড়া ৭১,২১,৫২০/- (একাত্তর লক্ষ একুশ হাজার পাঁচশত বিশ টাকা) বিজ্ঞ আদালত থেকে উত্তোলন করার জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | | |
| ১১ | জমির রেকর্ড সংশোধন | হাল/সর্বশেষ জরিপে বাপাউবোর নামে রেকর্ড না হওয়া জমির রেকর্ড সংশোধন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) বিধি মোতাবেক জেলা প্রশাসক/এসি ল্যান্ড/ক্ষেত্রমতে আদালতে মিসকেস প্রস্তাব দায়ের করতে হবে। এ কাজে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে [illegible] ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভূমি ও রাজস্ব পরিদপ্তর বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করবে। | পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী। |
| | | | খ) উক্ত তথ্যাদিসহ জোন ওয়ারী প্রতিবেদন আগামী ০২ (দুই) মাসের অর্থাৎ ৩০-১১-২০২১ তারিখের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী। |
| ১২ | গাড়ী চালকদের ওভার টাইম ও অডিট আপত্তি নিরসন এবং চালকদের আচরণবিধি নিয়ন্ত্রণ | গাড়ী চালকদের ওভার টাইম বিষয়ে অডিট আপত্তি নিরসনকল্পে আলোচনা হয়। | গাড়ী চালকদের ওভার টাইম প্রদানে যাতে অডিট আপত্তি না হয় সে বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পাসম/বাপাউবো |
| | | গাড়ীচালকদের আচরণবিধি নিয়ন্ত্রণে আনার বিষয়ে আলোচনা হয়। | গাড়ীচালকদের আচরণবিধি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ক্ষেত্রে মন্ত্রণালয় হতে বোর্ডে অথবা বোর্ড হতে মন্ত্রণালয়ে অথবা মাঠ পর্যায়ে বদলীর বিষয়ে মন্ত্রণালয়ের সহিত আলোচনা করে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যাবে। | বাপাউবো ও পাসম। |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কবির বিন আনোয়ার)
সিনিয়র সচিব